

ন্যাশনাল আইসিটি ইনফ্রা নেটওয়ার্ক ফর বাংলাদেশ গভর্নমেন্ট ফেজ-২ (ইনফো-সরকার)

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়

ব্যাঙ্গডক ভবন, পুট নং ই ১৪/ওয়াই, শের-এ-বাংলা নগর, ঢাকা ১২০৭।

Email : info.infosarker@gmail.com, **Website :** http://infosarker.bcc.net.bd

নং : ৫৬.০১.০০০০.১১৩.০৭.০৪৩.২০১৩/৪-১৩৮১

তাং : ০৮ ডিসেম্বর, ২০১৫

বিষয় : ইনফো-সরকার প্রকল্প থেকে স্থাপিত কানেকটিভিটির TSM Test সম্পন্নকরণে প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামারগণকে নির্দেশনা প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ন্যাশনাল আইসিটি ইনফ্রা নেটওয়ার্ক ফর বাংলাদেশ গভর্নমেন্ট ফেজ-২ (ইনফো-সরকার) প্রকল্পের আওতায় সারা দেশে ১৮১৩০টি সরকারী দপ্তরে ইন্ট্রানেট কানেকটিভিটি স্থাপন করা হয়েছে। এসকল কানেকটিভিটি কার্যকর করার জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলে অবস্থিত NICTC এর সঙ্গে যুক্ত হওয়া অপরিহার্য। ইতোমধ্যে দেশের অনেক জেলা/উপজেলা পর্যায়ের সরকারী সরকারী দপ্তরের কানেকটিভিটির সঙ্গে সফলভাবে NICTC এর সংযোগ স্থাপিত হয়েছে। এই সংযোগ TSM পদ্ধতিতে ইনস্টল করতে হয় যা ইনফো-সরকার প্রকল্পের ওয়েবসাইট www.infosarker.bcc.net.bd তে ম্যানুয়াল হিসেবে দেয়া আছে। উপজেলা টেকনিশিয়ানদের ইতোপূর্বে উপজেলা পর্যায়ের সকল দপ্তরে TSM সম্পন্ন করার জন্য বলা হয়েছিল এবং অনেকে সফলভাবে সম্পন্ন করেছেন। যেহেতু প্রকল্পের কার্যক্রম শীঘ্রই শেষ হতে যাচ্ছে সেহেতু সকল সরকারী দপ্তরের কানেকটিভিটির TSM সম্পন্ন হওয়া একান্ত জরুরী।

এমতাবস্থায়, আপনার কার্যালয়ে কর্মরত প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামারকে জেলা পর্যায়ের কানেকটিভিটি প্রাপ্ত সকল দপ্তরের TSM সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান এবং তত্ত্বাবধানের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।


(মোঃ সাইফুল ইসলাম)

যুগ্ম সচিব ও প্রকল্প পরিচালক

ইনফো-সরকার প্রকল্প

মোবাইল : ০১৮২৩৫৩৯৬৫৬

জেলা প্রশাসক

..... (সকল) জেলা।

অনুলিপি অবগতির জন্যঃ

- ১। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আগারগাঁও, ঢাকা।
- ২। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ব্যাঙ্গডক ভবন, ঢাকা।
- ৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (সকল) জেলা। তাঁকে সদর উপজেলা টেকনিশিয়ানের সঙ্গে সমন্বয় পূর্বক আগামী ১০ ডিসেম্বর, ২০১৫ এর মধ্যে জেলা পর্যায়ের কানেকটিভিটি প্রাপ্ত সকল দপ্তরের TSM সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো এবং যে কোন প্রয়োজনে জনাব মোঃ নূরুল আলম, প্রোগ্রামার, ইনফো-সরকার, মোবা: ০১৭২২৩৩৪৩০০, মি: রাজন দাস, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, বিসিসি, (মোবা: ০১৬১৬৮২৩৩৮৬) জনাব মোঃ আমিনুল ইসলাম, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, বিসিসি, (মোবা: ০১৭১৯৩৪৬৫৬৫), জনাব সুমন কুমার পাটোয়ারী, সহকারী প্রোগ্রামার, বিসিসি, (মোবা: ০১৭২১৫৭৯৭৪), জনাব মোঃ আতিকুর রহমান (দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি), মোবাইল নং: ০১৭১২৫১১০০৫ এর সঙ্গে যোগাযোগ করার অনুরোধ করা হলো।
- ৪। অফিস কপি।